## মাসিক ভিত্তিতে সাইসমিক জরিপ মনিটরিং কার্যক্রম মনিটরিং প্রতিবেদন (জুন, ২০২৩)

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মসম্পাদন সূচক ২.১.১ ও ২.১.২ এ ১০০০ লাইন কিলোমিটার ২ডি সিসমিক ও ৭০ বর্গ কিলোমিটার ৩ডি সিসমিক জরিপ কার্যক্রম অর্ন্তভূক্ত আছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রশাসন-২ অধিশাখার ২৫-০৭-২০২২ তারিখের অফিস আদেশ নং-২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬ স্মারকের মাধ্যমে ২০২২-২০২৩ অর্থ বছরের সিসমিক জরিপ সূচকটি মনিটরিং করার জন্য টিম গঠন করা হয়েছে। কমিটির কর্মপরিধি অনুযায়ী কমিটি প্রতি মাসে অন্তত একটিসহ ২০২২-২৩ অর্থবছরে ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করবে এবং বর্ণিত কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনে সুপারিশ প্রদান করবে। ইতোমধ্যে কমিটি ১১টি প্রতিবেদন দাখিল করেছে। কমিটির কার্যপরিধি অনুযায়ী গত ২৬-০৬-২০২৩ তারিখ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা এবং সংশ্লিষ্ট কোম্পানিসমূহের সাথে অনলাইন সভায় মিলিত হয়। উক্ত সভায় সার্বিক দিক পর্যালোচনা করে ০৩(তিন)টি সিদ্ধান্ত গ্রহীত হয় যা চলমান সিসমিক জরিপ কার্যক্রমকে ত্বরান্বিত করবে।

**বাস্তবায়ন অগ্রগতি:**

**২.০। ২-ডি এবং ৩ডি সিসমিক জরিপ:**

বাপেক্সের ব্লক ১৫ এবং ব্লক ২২ সিসমিক প্রকল্পের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ১০০০ লাইন কি.মি. ২ডি জরিপ কার্যক্রমের ডাটা অ্যাকুইজিশন সম্পন্ন হয়েছে। প্রসেসিং ও ইন্টারপ্রিটেশন কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরের মোট জরিপ লক্ষ্যমাত্রা ৩০০০ লাইন কিলোমিটার যা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। বর্তমানে প্রকল্পের অনশোর অংশের ডাটা প্রসেসিং ও ইন্টারপ্রিটেশন বাপেক্স কার্যালয়ে চলমান। অফশোর অংশের ডাটা প্রসেসিং ও ইন্টারপ্রিটেশন, প্রকল্পের বিদেশি কন্ট্রাক্টর মেসার্স সিনোপেক-এর অফিস চীনে সম্পাদিত হচ্ছে। প্রকল্পের তথ্য উপাত্তের গুণগতমান নিশ্চিত করার জন্য মেসার্স সিনোপেক-এর অফিস চীনে সম্পাদিত সাইসমিক প্রসেসিং ও ইন্টারপ্রিটেশনের (ভূতাত্ত্বিক ও রিজার্ভার মডেলিং) এর বাস্তব কার্যক্রম সরজমিনে পর্যবেক্ষণ করা প্রয়োজন হবে। অ্যাকুইজিশনকৃত এলাকায় ভূগঠন সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা থাকায় প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তা এবং সিসমিক মনিটরিং টিমের সদস্যদের ডাটা প্রসেসিং ও ইন্টারপ্রিটেশনের কার্যক্রম সরেজমিন পরিদর্শনের প্রয়োজনীয়তা রয়েছে।

**২.২।** ব্লক ৬বি সাউথ এবং ১০ প্রকল্পের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী বরিশালের মুলাদি অংশে ২৮৩ লাইন কি.মি. ডাটা অ্যাকুইজিশন সম্পন্ন হয়েছে। প্রকল্পের মোট লক্ষ্যমাত্রা ৩২২০ লাইন কিলোমিটার (বাপেক্স ২৩৫২, বিদেশী কোম্পানি ৮৬৮) । উক্ত প্রকল্পের ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। আগামী শীত মৌসুমের শুরুতেই প্রকল্পের বাকি অংশের ডাটা একুইজিশান কার্যক্রম শুরু করার যাবতীয় প্রস্তুতি রয়েছে। মুলাদি অংশে অ্যাকুইজিশন শেষে যন্ত্রপাতি প্রকল্পের অন্য অংশে মবিলাইজেশন সম্পন্ন হয়েছে। আহরিত ডাটার প্রসেসিং ও ইন্টারপ্রিটেশন কার্যক্রম চলমান রয়েছে।


**২.৩।** বিয়ানিবাজার গ্যাসক্ষেত্রে ১৯১ বর্গকিলোমিটার ৩-ডি সিসমিক কার্যক্রমের ডাটা একুজিশান সম্পন্ন হয়েছে।

**২.৪।** অ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় (বাতচিয়া, ডুপিটিলা, সিলেট সাউথ, হারারগঞ্জ) ৪৬০ বর্গকিলোমিটার ৩ডি সিসমিক ডাটা অ্যাকুইজিশন সম্পন্ন হয়েছে। উক্ত প্রকল্পের ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।

**২.৫।** জকিগঞ্জ এবং পাথারিয়া স্ট্রাকচারে ৩ডি সিসমিক প্রকল্পের চলতি ২০২২-২৩ অর্থবছরের এপিএ-র লক্ষ্যমাত্রা ২০০ বর্গ কি.মি. অর্জিত হয়েছে।

**২.৬।** বাংলাদেশ গ্যাস ফিল্ড লিমিটেড কর্তৃক হবিগঞ্জ ফিল্ড ও তদ্‌সংলগ্ন অবমুক্ত এলাকাসহ ৮৭৫ বর্গ কি.মি. এবং বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৫৭৫ বর্গ কি.মি. সহ সর্বমোট ১৪৫০ বর্গ কি.মি. এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ সম্পাদন প্রকল্পের দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। উক্ত প্রকল্পের ডিপিপি ইতোমধ্যে পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। যা বর্তমানে অর্থবিভাগে প্রক্রিয়াধীন রয়েছে।

**৩.০ সভায় অংশগ্রহণ এর স্থির চিত্র**




**৪.০ সিদ্ধান্ত:**
বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৪.১ | ব্লক ১৫ এবং ব্লক ২২ এর ২ডি সিসমিক প্রকল্পের মূল লক্ষ্য অর্জনে সিসমিক মনিটরিং টিম এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রকল্পের তথ্য উপাত্তের গুণগতমান নিশ্চিত করার জন্য মেসার্স সিনোপেক এর অফিসে সম্পাদিত সাইসমিক প্রসেসিং ও ইন্টারপ্রিটেশন (ভূতাত্ত্বিক ও রিজার্ভার মডেলিং) | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বাপেক্স, সাইসমিক জরিপ |

| | | |
|---|---|---|
| | এর বাস্তব কার্যক্রম সরজমিনে পর্যবেক্ষণ করবে এবং কূপের যথাযথ লোকেশন চিহ্নিত করবে; | মনিটরিং টিম, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৪.২ | বাংলাদেশ গ্যাস ফিল্ড লিমিটেড কর্তৃক হবিগঞ্জ ফিল্ড ও তদ্‌সংলগ্ন অবমুক্ত এলাকাসহ ৮৭৫ বর্গ কি.মি. এবং বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৫৭৫ বর্গ কি.মি. সহ সর্বমোট ১৪৫০ বর্গ কি.মি. এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের ডিপিপি-র বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও পেট্রোবাংলা প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে; | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বিজিএফসিএল, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৪.৩ | প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে সিসমিক মনিটরিং টিম ভবিষ্যতেও গৃহীত প্রকল্পে প্রয়োজন অনুযায়ী সহযোগিতা প্রদান করবে। | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বাপেক্স, সাইসমিক জরিপ মনিটরিং টিম, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

০৪/০৭/২৩

মোহাম্মদ রবিউল আউয়াল খান
উপমহাব্যবস্থাপক, পেট্রোবাংলা
ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

০৪/০৭/২০২৩

মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

০৪/০৭/২০২৩

দিলওয়ারা আলো
উপসচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

০৪/০৭/২০২৩

মোঃ আ: খালেক মল্লিক
অতিরিক্ত সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি